

প্রেস রিলিজ

১৯ ফেব্রুয়ারি ২০২৪

বাউবি ল্যাবরেটরি স্কুলে বিজ্ঞান মেলা ও পিঠা উৎসব

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুল কর্তৃক আয়োজিত বিজ্ঞানমেলা ও পিঠা উৎসব ১৯ ফেব্রুয়ারি ২০২৪ সোমবার স্কুলের পার্কে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বিজ্ঞান মেলা ও পিঠা উৎসব-২০২৪ পরিদর্শন করেন। পরিদর্শনকালে উপাচার্য মহোদয় বলেন, বিজ্ঞানমেলার মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে বৈজ্ঞানিক মনোষ্কতা ও নেতৃত্বের গুণাবলি সৃষ্টি হয়। শিক্ষার্থীদের অনুসন্ধিৎসু মানসিকতা তথা বিজ্ঞানমনস্ক ও সুকুমারবৃত্তি জাহ্রত হওয়ার পাশাপাশি তাদের নব উদ্যমে লেখাপড়ার সঙ্গে সৃষ্টিশীল কাজে উৎসাহ বৃদ্ধি পাবে। পরে তিনি শিক্ষার্থীদের তৈরি ইনোভেটিভ বিভিন্ন প্রজেক্ট ঘুরে ঘুরে দেখেন। তিনি প্রতি বৎসরই এ ধরনের বিজ্ঞানমেলার আয়োজন জন্য স্কুল কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করেন। এ ধরনের বিজ্ঞানমেলার আয়োজন করার জন্য উপাচার্য বাউবি ল্যাবরেটরি স্কুলের পরিচালনা পর্ষদ ও শিক্ষকগণসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।



বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বিজ্ঞানমেলা ও পিঠা উৎসব-২০২৪ পরিদর্শন করছেন।

দিনব্যাপী এ বিজ্ঞানমেলায় স্কুলের দুই শতাধিক ক্ষুদ্রে শিক্ষার্থী তাদের বৈজ্ঞানিক আবিষ্কার বিভিন্ন প্রজেক্টের মাধ্যমে উপস্থাপন করেন। বিজ্ঞান মেলা ও পিঠা উৎসবে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, স্কুল অব এডুকেশনের ডিন অধ্যাপক ড. মোহসীন উদ্দিন, ল্যাবরেটরি স্কুল পরিচালনা কমিটির সভাপতি ও স্কুল অব এডুকেশনের অধ্যাপক সুফিয়া বেগম, ল্যাবরেটরি স্কুল প্রধান শিক্ষক মোঃ শামছুল হক খানসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং ল্যাবরেটরি স্কুলের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

স্বাক্ষর

ড. আ. ফ. ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)